

India strongly condemns the barbaric terrorist attacks in Afghanistan

May 12, 2020

ভারত আফগানিস্তানে আতংকবাদীদের বর্বরচিত হামলার কড়া নিন্দা করেছে।

মে 12,2020

ভারত 11-12 মে তারিখে দস্ত-এ-বার্চি হাসপাতালে প্রসূতি বিভাগে, নানাগরহর প্রান্তে অস্তিম সংকারে এবং লগমন প্রান্তে সামরিক চেক পোস্টে মহিলা এবং শিশু সহ নির্দোষ নাগরিকদের উপরে আতংকবাদীদের বর্বরচিত হামলার কড়া নিন্দা করেছে। মাতা , সদ্যজাত শিশু, নার্স এবং শোকগ্রস্থ পরিবারের উপরে এই ধরনের নিন্দনীয় হামলা ভীতিজনক এবং মানবতার বিরুদ্ধে অপরাধকে সংঘটিত করে।

আমরা মৃতদের পরিবারবর্গকে আমাদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং আহত ব্যক্তিদের দ্রুত আরোগ্য কামনা করছি।

এই ধরনের ক্রমাগত আতংকবাদ কোনভাবেই সমর্থন যোগ্য হতে পারেনা। এইধরনের ঘৃণ্য কাজের অপরাধীদের এবং তাদের প্রাণসাহদাতাদের ও সমর্থকদের দায়ী করা উচিত এবং তাদের বিচারাধীন করা উচিত। দশক ধরে এই অঞ্চলে আতংকবাদকে প্ররোচিত করা নিরাপদ আশ্রয় এবং অভয়ারণ্যগুলি, যেগুলি এই অঞ্চলের বহুসংখ্যক মানুষজনের অপার ক্লেশের কারণ হয়ে দাড়িয়েছে, সেগুলিকে সমূলে উৎপাটিত করার জন্য তাদের উপরে বলপ্রয়োগ করা উচিত।

ভারত, আফগানিস্তানের শান্তি এবং স্থিরতা ফিরিয়ে আনার প্রচেষ্টায় তাদের জনগণ, সরকার এবং সুরক্ষা বলের পাশে একজোট হয়ে দাড়িয়েছে । রমজান মাস উপবাস, প্রার্থনা এবং প্রতিফলনের সময় হওয়া উচিত। আমরা আতংবাদী হামলার তাত্ক্ষণিক রদ এবং আফগানিস্তানে কোরোনা ভাইরাসের বিস্তার থেকে উদ্ধৃত মনবীক পরিস্থিতিকে সামলাবার জন্য সহযোগিতার আহবান জানাচ্ছি।

নিউ দিল্লি

মে 12, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.